

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

১০ সেপ্টেম্বর ২০২০

মাননীয়

প্রতিমন্ত্রী

পররাষ্ট্র মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: ইউপিআর মধ্যবর্তী প্রতিবেদন প্রণয়ন প্রসঙ্গে।

জনাব,

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা! এইচআরএফবি ২০টি মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের জোট যারা ২০০৭ সাল থেকে দেশে মানবাধিকার প্রসার ও রক্ষার লক্ষ্যে সরকারের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ বাস্তবায়নে অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করছে।

আপনি অবগত আছেন, এ বছরের ২০ সেপ্টেম্বর তৃতীয় পর্বের ইউপিআর এর ‘চূড়ান্ত ফলাফল’ বা ‘আউটকাম ডকুমেন্ট’ গৃহীত হওয়ার দুই বছর পূর্ণ হবে। আশা করি আপনার স্মরণে আছে, ফোরামের পক্ষ থেকে তৃতীয় পর্বের পর্যালোচনা শেষে বাংলাদেশকে যেসব সুপারিশ প্রদান করা হয়েছে তার ওপর ২০১৮ সালের আগস্টে একটি অংশীজনদের সংলাপ আয়োজন করা হয়, যেখানে আপনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সংলাপে নাগরিক সংগঠন ও মানবাধিকারকর্মীদের পক্ষ থেকে সরকারের কাছে কয়েকটি দাবি তুলে ধরা হয় যার মধ্যে অন্যতম ছিল গৃহীত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সরকারের পক্ষ থেকে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা। পাশাপাশি উক্ত সংলাপে ইউপিআর এর আওতায় প্রদত্ত সরকারের অঙ্গীকারসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নিয়মিত পরিবীক্ষণ ও প্রতিবেদন তৈরির ওপর জোর দেয়া হয় যার অংশ হিসেবে ইউপিআর মধ্যবর্তী প্রতিবেদন প্রদানের দাবি জানানো হয়। কেননা মধ্যবর্তী প্রতিবেদন প্রকৃতপক্ষে অঙ্গীকার বাস্তবায়ন প্রক্রিয়া সঠিক পথে পরিচালিত হচ্ছে কিনা, কোন কোন জায়গায় আমরা পিছিয়ে আছি ও তা উত্তরণে কি করণীয়-সে বিষয়ে একটি সার্বিক চিত্র তুলে ধরবে। আপনি নাগরিক সমাজের এ বক্তব্যের সাথে একমত প্রকাশ করেছিলেন এবং নিয়মিত পরিবীক্ষণের ওপর জোর দেবেন বলে মতামত ব্যক্ত করে ছিলেন।

আমরা লক্ষ্য করেছি, ইতোমধ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং দু’টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আমরা আশা করছি, কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়াকে আরো ফলপ্রসূ করার জন্য এবং কর্মশালা দু’টি থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে দ্রুত একটি কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় সব সময় সক্রিয় থাকবে। একইসাথে ফোরাম সরকারের কাছে নভেম্বরে ইউপিআর মধ্যবর্তী প্রতিবেদন প্রদানের বিষয়টি ইতিবাচকভাবে গুরুত্ব প্রদানের জন্য আহ্বান জানাচ্ছে। ইতোমধ্যে কর্মশালা দু’টি থেকে প্রাপ্ত তথ্যাদি এক্ষেত্রে ভূমিকা রাখবে বলে ফোরাম মনে করে। এ প্রতিবেদন তৈরি করলে তা প্রকৃতপক্ষে কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়াকে আরো ত্বরান্বিত করবে এবং মানবাধিকারসংক্রান্ত অঙ্গীকারসমূহ বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়কে আরো দৃঢ় করবে বলে ফোরাম আশা ব্যক্ত করছে।

বিষয়টি বিবেচনায় নিয়ে পদক্ষেপ গ্রহণের জন্য হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) আপনার কাছে দৃষ্টি আকর্ষণ করছে। এক্ষেত্রে ফোরাম প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples’ Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).